



ভারতীয় ভিসা আবেদনের টাইম স্লট ব্যবস্থায় পরিবর্তন



ছবি: সংগৃহীত

ভারতীয় ভিসা আবেদন জমা দেওয়ার অ্যাপয়েন্টমেন্ট (টাইম স্লট) পদ্ধতিতে পরিবর্তন এনেছে ইন্ডিয়ান ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার (আইভ্যাক)। নতুন এ ব্যবস্থা বুধবার (১ জুলাই) থেকে কার্যকর হচ্ছে।

নতুন নিয়ম অনুযায়ী, আবেদনকারীরা আর নিজেরা পছন্দের সময় নির্বাচন করতে পারবেন না। আবেদন জমা দেওয়ার সময় সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে খালি থাকা একটি টাইম স্লট বরাদ্দ করবে।

আইভ্যাক জানিয়েছে, বাংলাদেশের সব ভিসা আবেদন কেন্দ্রে সব ধরনের ভিসার ক্ষেত্রে এই পদ্ধতি চালু হচ্ছে। প্রতিটি কেন্দ্রের দৈনিক আবেদন গ্রহণের সক্ষমতা অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে সময় নির্ধারণ করা হবে।

আবেদনকারীদের নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট অনুযায়ী সংশ্লিষ্ট আইভ্যাকে উপস্থিত হয়ে আবেদন জমা দেওয়ার অনুরোধ জানিয়েছে কর্তৃপক্ষ।